



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

রাকাব-এর প্রতিশ্রুতি, শূন্যের কোঠায় দুর্নীতি।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

প্রধান কার্যালয়, রাজশাহী
শাখা নিয়ন্ত্রণ বিভাগ

ফোন নং : ০২৪৭-৮৬০৫১৯
মোবাইল নং : ০১৭০৮-৮০৬০১২
ই-মেইল : dgmbcd@rakub.org.bd
ওয়েবসাইট : www.rakub.org.bd

শানিবি সার্কুলার লেটার নং-০৫/২০১৮

তারিখ: ০৯.০৭.২০১৮

সকল জোনাল ব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা
ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী
সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে)
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক


বিষয়: 'রাকাব ডাবল মানি স্কিম (RDMS)' প্রসঙ্গে।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, শাখা নিয়ন্ত্রণ বিভাগের ৩০.০৫.২০১১ তারিখের রাকাব ডাবল মানি স্কিম (RDMS) সংক্রান্ত পরিপত্র নম্বর-০৪/২০১১ এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উক্ত সার্কুলারে ৫০,০০০/- টাকা বা এর গুণিতক হিসেবে রাকাব ডাবল মানি স্কিম খোলার নির্দেশনা রয়েছে। কিন্তু মাঠ পর্যায়ে অনেক শাখায় সার্কুলারে প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ না করে ৫০,০০০/- টাকা এবং এর গুণিতক হারে হিসাব না খুলে ৬০,০০০/-, ৭০,০০০/- টাকায় RDMS হিসাব খোলা হয়েছে বলে জানা যায়। ফলে মেয়াদপূর্তিতে RDMS হিসাবসমূহ নগদায়নে জটিলতার সৃষ্টি হচ্ছে। এ ধরনের জটিলতা নিরসনের লক্ষ্যে অনিয়মিতভাবে খোলা RDMS নগদায়নের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা জারী করা হলো:

যদি কোন শাখায়, শাখা নিয়ন্ত্রণ বিভাগের ৩০.০৫.২০১১ তারিখের সার্কুলার নং ৪/২০১১ এর নির্দেশনার আলোকে RDMS হিসাব ৫০,০০০/- টাকা বা এর গুণিতক হিসাব না খুলে ৫০,০০০/- টাকার উর্কে যে কোন পরিমাণ হিসাব খোলে যা ৫০,০০০/- টাকার গুণিতক নয় সেক্ষেত্রে মেয়াদপূর্তিতে আমানতকারীকে ৫০,০০০/- টাকা বা এর গুণিতক এর জন্য RDMS হিসাবের নীতিমালা অনুযায়ী অর্থ প্রদেয় হবে। বাকী অর্থের জন্য ব্যাংকের সঞ্চয়ী আমানত হিসাবের নীতিমালা অনুযায়ী সুদ প্রদান করা যাবে। তবে শর্ত থাকে যে সর্বক্ষেত্রে সরকারের/ব্যাংকের নিয়মনীতি অনুযায়ী উৎসে কর/ভ্যাট/অন্যান্য কর (যদি থাকে) কর্তনযোগ্য অর্থ কর্তন করে নীট প্রদানযোগ্য অর্থ নির্ধারণ করতে হবে।

(৩) এমতবস্থায়, এখন থেকে সার্কুলারের নির্দেশনার বাইরে অনিয়মিতভাবে যে কোন হিসাব খোলার জন্য সম্পূর্ণ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীসহ শাখা ব্যবস্থাপকের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।



০৯.০৭.২০১৮
(অসিত কুমার সরকার)
উপ-মহাব্যবস্থাপক

পত্র নং-প্রকা/শানিবি-০৮(৪৭)/২০১৮-২০১৯/৪৬(৪০০)/৫৪

তারিখ: ৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

- ০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৬। মহাব্যবস্থাপক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৯। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, রাজশাহী।
- ১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১২। অফিস নথি।


০৯.০৭.২০১৮
(মোঃ নুরুল ইসলাম)
মুখ্য কর্মকর্তা